

# আমার সংবাদ

📅 সোমবার, ০৩ নভেম্বর, ২০২৫

📰 ই-পেপার

📁 আর্কাইভ

📄 আজকের পত্রিকা

➔ সোশ্যাল মিডিয়া

🔍

[সারাবাংলা](#)

## পত্নীতলায় সাড়ে ছয় হাজার কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ



নওগাঁর পত্নীতলায় কৃষি প্রণোদনার আওতায় রবি মৌসুমে খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধি ও ক্ষুদ্র-প্রান্তিক কৃষকদের উৎপাদন ব্যয় কমাতে বিনামূল্যে বীজ ও সার বিতরণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা কৃষি চত্বরে ৬ হাজার ৬৩০ জন কৃষকের মাঝে বীজ ও রাসায়নিক সার বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আলীমুজ্জামান মিলন।

এ সময় বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ সোহরাব হোসেন, অতিরিক্ত কৃষি অফিসার মোহাইমিনুল ইসলাম, কৃষি সম্প্রসারণ অফিসার মো. পারভেজ মোশারফ, উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা মশিউর রহমান, পত্নীতলা প্রেস ক্লাবের সভাপতি ইখতিয়ার উদ্দীন আজাদ, প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম প্রমুখ।

উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ সোহরাব হোসেন জানান, ২০২৫-২৬ অর্থবছরে রবি মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় উপজেলার মোট ৬ হাজার ৬৩০ জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হবে। প্রথম ধাপে সরিষা ৫ হাজার ৫০০ জন কৃষকের মাঝে বীজ ও রাসায়নিক সার বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। পরবর্তীতে গম, মসুর, মুগ, সূর্যমুখী, চীনাবাদাম ও পেঁয়াজ বীজ বিতরণ করা হবে।

ইএইচ

বিষয়: